# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 20.06.2024 Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) রাঙাপানির কাছে ডাউন কাঞ্চনজঙ্ঘা এক্সেপ্রেসে দুর্ঘটনার তদন্ত শুরু করেছে রেল।

বিশেষ তদন্তকারী দল এস আই টি গঠন করেছে জি আর পি।

২) পশ্চিম মেদিনীপুরের ডেবরার এক বিজেপি কর্মীর পুলিশ হেফাজতে মৃত্যু মামলায় কলকাতা হাইকোর্ট স্ত্রীর উপস্থিতিতে ময়না তদন্তের নির্দেশ দিয়েছে।

৩) কলেজে স্নাতকস্তরের ভর্তি প্রক্রিয়া স্বচ্ছ রাখতে অভিন্ন কেন্দ্রীয় পোর্টাল চালু করেছে রাজ্য সরকার।

৫) কেন্দ্রীয় সরকার ১৪-টি শস্যে ন্যূনতম সহায়ক মূল্য এম এস পি বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে।

৬) জলদাপাড়া হলং বনবাংলোতে অগ্নিকান্ডের তদন্তে বন দফতর চার সদস্যের একটি দল গঠন করেছে।

oooooooooooooooooooooo

রেলের মুখ্য নিরাপত্তা কমিশনার জনক কুমার গর্গের নেতৃত্বে রাঙাপানির কাছে ডাউন কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসে দুর্ঘটনার তদন্ত শুরু হয়েছে। বেশ কয়েকজনকে জিজ্ঞাসাবাদ করা হয়। বিকেলে এক সাংবাদিক বৈঠকে ডিআরএম সুরেন্দ্র কুমার জানান, ইতমধ্যেই রেল কর্মীদের বক্তব্য রেকর্ড করা হয়েছে। মালগাড়ির গতি খুব বেশি ছিল। লোকো পাইলটকে গতি কমানোর নির্দেশও দেওয়া হলেও তা সত্ত্বেও কেন এত বেশি গতিতে মালগাড়িটি  চলছিল তা খতিয়ে দেখা হবে। তদন্ত রিপোর্ট তৈরির পরই প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে বলে তিনি জানান।

oooooooooooooooooooo

ডাউন আগরতলা – কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস দুর্ঘটনার তদন্তে বিশেষ দল এস আই টি গঠন করেছে জি আর পি। ৬ সদস্যের এই দলটি এক যাত্রীর দায়ের করা অভিযোগের ভিত্তিতে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ও মালগাড়ি সংঘর্ষে নিরপেক্ষ তদন্ত করবে। শিলিগুড়ির জি আর পি-র সুপার এস সেলভা মুরুগন জানিয়েছেন, ডেপুটি পুলিশ সুপার পদ মর্যাদার একজন আধিকারিক এই এস আই টি-র নেতৃত্ব দেবেন। দলে থাকবেন একজন ইনস্পেকটর, ২ জন সাব-ইনস্পেক্টর এবং ২ জন অ্যাসিস্ট্যান্ট সাব ইনস্পেক্টর। কমিশনার অফ রেলওয়ে সেফটির তরফে যে তদন্ত চালানো হচ্ছে তার সমান্তরালে এই তদন্ত চলবে। গতকাল এস আই টি-র সদস্যরা হাসপাতালে গিয়ে দুর্ঘটনায় আহত মালগাড়ির সহকারী চালক মনু কুমারের বয়ান রেকর্ড করতে যান। তবে, কি কথা হয়েছে, সেবিষয়ে জানা যায়নি।

এদিকে, লোকো পাইলট ও সহকারী লোকো পাইলটের নামে যে অভিযোগ দায়ের হয়েছে সে ব্যাপারে তার কিন্তু জানা নেই বলে অভিযোগকারী যাত্রী জানিয়েছেন। তাকে সাদা কাগজে নিজের নাম ঠিকানা লিখে স্বাক্ষর করতে বলা হয়েছিল বলেও জানান তিনি।

oooooooooooooooooooooo

পশ্চিম মেদিনীপুরের ডেবরার এক বিজেপি কর্মীর পুলিশ হেফাজতে মৃত্যু মামলায় কলকাতা হাইকোর্ট স্ত্রীর উপস্থিতিতে ময়না তদন্তের নির্দেশ দিয়েছে। থানা এবং জেলের সিসিটিভির ফুটেজও সংরক্ষণ করতে বলা হয়েছে। একই সঙ্গে গোটা ঘটনার রিপোর্ট চেয়ে পাঠিয়েছেন বিচারপতি অমৃতা সিনহা।  রাজনৈতিক সংঘর্ষের ঘটনায় গত চৌঠা জুন পুলিশ সঞ্জয় বেরা নামে ওই বিজেপি কর্মীকে গ্রেফতার করে। পুলিশ হেফাজতে অসুস্থ হয়ে পড়ায় এস এস কে এম হাসপাতালে ভর্তি কার হয় তাঁকে। সেখানেই মঙ্গলবার তাঁর মৃত্যু হয়। পড়ে গিয়ে মাথায় চোট লাগার কারণে তাঁর মৃত্যু হয়েছে বলে পুলিশের পক্ষ থেকে জানানো হলেও তা মানতে নারাজ পরিবার। এরপরই হাইকোর্টে মামলা করেন সঞ্জয়ের স্ত্রী। বিচারপতি সিনহা জানিয়েছেন, হাসপাতালের কোনো অভিজ্ঞ চিকিৎসকের তত্বাবধানে এবং পরিবারের উপস্থিতিতে ময়না তদন্ত হবে। গোটা প্রক্রিয়ার ভিডিওগ্রাফী করার নির্দেশ দেন তিনি। আগামী বুধবার এই মামলার পরবর্তী শুনানি।

এদিকে, বিজেপি এই ঘটনায় সি বি আই তদন্ত এবং অবিলম্বে দোষী পুলিশদের গ্রেফতারের দাবি জানিয়েছে। এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন, ভোট পরবর্তী সময়ে রাজনৈতিক হিংসায় শাসক দল ছাড়াও পুলিশের মদত রয়েছে। অবিলম্বে জড়িত পুলিশ আধিকারিকদের বিরুদ্ধে ব্যবস্থা না নেওয়া হলে দল সঞ্জয় বেরার পরিবারকে আইনী লড়াইয়ের জন্য সব ধরনের সাহায্য করবে বলেও তিনি জানান।

oooooooooooooooooooooo

ভোট পরবর্তী হিংসার প্রতিবাদে রাজভবনের সামনে ধর্ণায় বসতে চেয়ে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর আবেদন কলকাতা হাইকোর্ট, খারিজ করে দিয়েছে। বিচারপতি অমৃতা সিনহা গতকাল শ্রী অধিকারিকে ধর্নার জন্য বিকল্প জায়গা খোঁজার নির্দেশ দেন।

উল্লেখ্য, হিংসায় আক্রান্তদের নিয়ে রাজ্যপালের সঙ্গে দেখা করতে যাওয়ার সময় রাজভবনের পুলিশী বাধার মুখে পড়েন বিরোধী দলনেতা। এরপরই পুলিশের কাছে ধর্ণায় বসার আবেদন জানান তিনি। গ ১৮-ই জুন কলকাতা পুলিশ, রাজভবনের সামনে ১৪৪ ধারা জারি থাকার কারণ দেখিয়ে সেই আবেদন খারিজ করে দেওয়ায় হাইকোর্টের দ্বারস্থ হয় দল। এক্ষেত্রে পুলিশের বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ তোলা হয়েছে। কারণ এর আগে ১-শো দিনের কাজ সহ অন্যান্য প্রকল্পে কেন্দ্রীয় বঞ্চনার অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে রাজভবনের বাইরে ধর্ণার অনুমতি দেওয়া হয়েছিল। বর্তমানে শুভেন্দু অধিকারীকে কেন অনুমতি দেওয়া হবে না, তা নিয়ে আদালতে প্রশ্ন তোলা হয়। বিচারপতি অবশ্য জানান, একজন আইন ভঙ্গ করলে, আর একজনকেও যে  করতে হবে তা আইন গ্রাহ্য নয়। এর আগেরবার তৃণমূল কংগ্রেসের ধর্ণার সময় ১৪৪ ধারা ভঙ্গ করায় পুলিশ কি ব্যবস্থা নিয়েছিল, তা রাজ্যে অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্তের কাছে জানতে চান বিচারপতি। আগামী শুক্রবার এই মামলার পরবর্তী শুনানির দিন স্থির হয়েছে।

oooooooooooooooooooooo

কলেজে স্নাতকস্তরে ভর্তিতে স্বচ্ছ্বতার লক্ষে রাজ্য সরকার গতকাল একটি অভিন্ন কেন্দ্রীয় পোর্টাল চালু করেছে। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বিকাশভবনে এর সূচনা করে বলেন, এই পোর্টালের মাধ্যমে রাজ্যের

সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত ১৬টি বিশ্ববিদ্যালয়, ৪৬১টি কলেজে স্নাতকস্তরে সাত হাজার ২১৭টি কোর্সের পড়ুয়ারা ভর্তি হতে পারবে।

(বাইট – ব্রাত্য)

wbsche.wb.gov.in-এ গিয়ে বিনামূল্যে আবেদন করা যাবে। তবে যাদবপুর, প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় এবং স্বশাসিত কলেজগুলি পোর্টালের বাইরে রয়েছে। শিক্ষামন্ত্রী জানান, প্রথম পর্যায়ে ২৪ জুন থেকে সাতই জুলাই পর্যন্ত ভর্তির আবেদন করা যাবে। একজন পড়ুয়ার জন্যে একটি আসনই বরাদ্দ থাকবে। যে কোন সহায়তার জন্যে টোল ফ্রি নম্বর ১৮০০-১০২-৮০১৪-ফোন করা যেতে পারে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

অনিয়ম সংক্রান্ত অভিযোগে এবছর জুনে নেট পরীক্ষা বাতিল করা হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রকের অধিনস্ত সংস্থা ভারতীয় সাইবার ক্রাইম কো-অর্ডিনেশন সেন্টারের জাতীয় সাইবার ক্রাইম থ্রেট এনালিটিক্স ইউনিট থেকে পাওয়া কিছু তথ্যের ভিত্তিতে পরীক্ষায় অনিয়মের বিষয়টি নজরে এসেছে বলে সরকারী সূত্রে খবর। পরীক্ষা প্রক্রিয়ার সর্বোচ্চস্তরের স্বচ্ছতা সুনিশ্চিত করতে এরপরই কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক UGC-NET June 2024 পরীক্ষা বাতিল বলে ঘোষণা করেন। একই সঙ্গে বিষয়টি পূর্ণাঙ্গ তদন্তের জন্য সিবিআই-এর হাতে তুলে দেওয়া হচ্ছে।

উল্লেখ্য, ১৮-ই জুন দেশের বিভিন্ন শহরে দুটি শিপ্টে UGC-NET June 2024 পরীক্ষা অনুষ্ঠিত হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

NEET পরীক্ষায় দুর্নীতি ও কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস দুর্ঘটনার প্রতিবাদে কংগ্রেসের রাজভবন অভিযান কে কেন্দ্র করে গতকাল তুমুল উত্তেজনা তৈরি হয়। দক্ষিণ কলকাতা জেলা কংগ্রেস কমিটির সভাপতি প্রদীপ প্রসাদের নেতৃত্বে কংগ্রেসের নেতা কর্মী সমর্থকরা গতকাল দুপুরে রাজভবন অভিযান করে। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগের দাবির পাশাপাশি NTA কর্তাদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়ারও দাবি জানান। কংগ্রেস নেতাদের অভিযোগ, নিট দুর্নীতির কারণে দেশের ২৪ লক্ষ মেধাবী ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ অন্ধকারের মুখে। পাশাপাশি একের পর এক রেল দুর্ঘটনার জেরে যাত্রী নিরাপত্তাও চরম অনিশ্চয়তার মধ্যে। পুলিশের সঙ্গে কংগ্রেস কর্মী সমর্থকদের বচসা ও ধাক্কাধাক্কি হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকার ১৪টি শস্যের নুন্যতম সহায়ক মূল্য- MSP বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। নতুন দিল্লিতে গতকাল মন্ত্রীসভার বৈঠকের পর তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানান, ২০২৪-২৫ বিপনন বর্ষে ধান, তুলো, মিলেট, ডাল এবং তৈলবীজ সহ ১৪টি শস্যের ন্যূনতম সহায়ক মূল্য উল্লেখযোগ্য হারে বাড়ছে। সারা দেশে ২ লক্ষ শস্য মজুত ভান্ডার তৈরির ব্যাপারে সরকার কাজ চালিয়ে যাচ্ছে মন্ত্রী জানান।

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য স্টাফ সিলেকশন কমিশনের নতুন চেয়ারম্যান হলেন অবসরপ্রাপ্ত আই পি এস বিবেক সহায়। তাঁকে দুবছরের জন্য এই দায়িত্ব দেওয়া হয়েছে। কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তর থেকে গতকাল এইমর্মে এক বিজ্ঞপ্তি জারি হয়। তিনি অবসরপ্রাপ্ত আইএএস সঞ্জয় থাড়ে-র জায়গায়

এলেন। শ্রী থাড়ে-র কার্যকালের মেয়াদ ২৯ মে শেষ হয়ে যায়। লোকসভা নির্বাচন চলায় নতুন করে কাউকে এই পদে দায়িত্ব দেওয়া যায় নি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

দেড়শো বছরের ঔপনিবেশিক শাসনে চালু হওয়া ভারতীয় দন্ডবিধি, ফৌজদারি কার্যবিধি এবং ভারতীয় সাক্ষ্য আইন বাতিল হয়ে আগামী পয়লা জুলাই দেশে চালু হতে চলেছে ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম। দেশের মানুষকে দ্রুত, নির্দিষ্ট সময়সীমার মধ্যে নির্ভুল বিচার দেওয়াই এই তিনটি আইনের লক্ষ্য বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছে। ভারতীয় ন্যায় সংহিতা BNS নিয়ে আকাশবানী কোলকাতার সংবাদ বিভাগ একটি বিশেষ আলোচনা সম্প্রচার করবে আগামীকাল (২১/৬/২৪) রাত নটা পয়তাল্লিশ মিনিটে। এতে কলকাতা হাইকোর্টের আইনজীবী তথা ভারত সরকারের ডেপুটি সলিসিটর জেনেরাল ধীরাজ কুমার ত্রিবেদীর সঙ্গে কথা বলবেন শঙ্কর মুখোপাধ্যায়।

আলোচনা অনুষ্ঠানটি একযোগে আকাশবানী কোলকাতার গীতাঞ্জলি, ১০৭ মেগাহার্টজ এবং DTH প্রচার তরঙ্গে শোনা যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জলদাপাড়ার হলং বনবাংলোতে অগ্নিকাণ্ডে রাজ্য সরকার উদ্বেগ প্রকাশ করেছে। বিষয়টি খতিয়ে দেখতে বন দফতরের চার সদস্যের দল ঘটনাস্থলে যাচ্ছেন। বনমন্ত্রী বীরবাহা হাঁসদা জানান তিনি নিজেও কয়েকদিন পর সেখানে যাবেন । মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নির্দেশ মতো নতুনভাবে এই পর্যটন কেন্দ্র তৈরি করতে গতকাল বন দফতরের শীর্ষ কর্তারা এক উচ্চ পর্যায়ের বৈঠক করেন। শ্রীমতী হাঁসদা জানান, অগ্নিকান্ড নিয়ে সমাজ মাধ্যমে

নানা ধরনের খবর ছড়ানো হচ্ছে। কিন্তু পূর্ণাঙ্গ রিপোর্ট হাতে পাওয়ার পরই গোটা বিষয়টি সামনে আসবে।

এদিকে, ওই ঘটনায় পর্যটক মহলে শোকের ছায়া । সেখানকার কর্মীরা আজ কালো ব্যাজ পরে তাদের মর্মবেদনা প্রকাশ করেন।

oooooooooooooooooooooo

বিজেপি, হলং বন বাংলো আগুনে ভষ্মীভূত হওয়ার ঘটনায় তৃণমূল কংগ্রেসকে দায়ী করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য, অভিযোগ করেন, রাজ্যের শাসক দল জল, জঙ্গল ও জমির অধিকার কড়ে নিতে বেশি আগ্রহী। কার্যত প্রকৃতির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে তারা। ব্যবসায়িক ক্ষেত্রে অতিরিক্ত লাভ করার মনোভাবের কারণেই শাসক দল প্রাকৃতিক ভারসাম্যকে ধ্বংস করার কাজে এগিয়ে যাচ্ছে বলে তাঁর অভিযোগ।

oooooooooooooooooooooo

২-৩ দিনের মধ্যে দক্ষিণবঙ্গে বর্ষার অনুকূল পরিস্থিতি তৈরি হতে পারে বলে জানিয়েছেন, আলিপুর আবহাওয়া দফতরের আধিকারিক হাবিবুর রহমান বিশ্বাস।

(বাইট)

oooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনার পানিহাটির মহোৎসব তলা ঘাটে শ্রীচৈতন্য মহাপ্রভু স্মৃতি বিজড়িত সুপ্রাচীন দন্ড মহোৎসব বা পানিহাটি চিড়ের মেলায় রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে ভক্ত ও পুণ্যার্থীরা ভিড় জমিয়েছেন। জৈষ্ঠ মাসের শুক্ল একাদশী তিথিতে আয়োজিত এই মেলায় হাজার হাজার ভক্ত ও পুণ্যার্থী আজ চৈতন্য

মহাপ্রভুর মন্দিরে চিড়ে, দই, মিষ্টি সহকারে মহাপ্রভুর উদ্দেশ্যে ভোগ নিবেদন করবেন। মেলা নির্বিঘ্নে সম্পন্ন করতে যাবতীয় ব্যবস্থা নিয়েছে ব্যারাকপুর পুলিশ প্রশাসন ও পানিহাটি পুরসভা। পানিহাটি চিড়ের মেলা উপলক্ষে পানিহাটি ইসকন মন্দির কর্তৃপক্ষ পাঁচ দিনব্যাপী নানা অনুষ্ঠানের আয়োজন করেছে।

oooooooooooooooooooooo

নর্থ সাউথ করিডরে, কবি সুভাষ ও দমদম থেকে রাত্রিকালীন বিশেষ মেট্রো পরিষেবার সময় আরও ২০ মিনিট এগিয়ে এনেছে মেট্রো রেল। এক বিবৃতিতে মেট্রো কর্তৃপক্ষ জানিয়েছে, আগামী ২৪-শে জুন, সোমবার থেকে ব্লু-লাইনে রাত ১১টার পরিবর্তে রাত ১০-টা ৪০ মিনিটে শেষ মেট্রো ছাড়বে। সোম থেকে শুক্র এই পরিষেবা মিলবে। তবে, শুধুমাত্র ইউ পি আই পদ্ধতি ব্যবহার করে স্টেশনগুলিতে বসানো ASCRM মেশিন থেকে টোকেন কেনা যাবে। স্মার্ট কার্ড ব্যবহার করেও ট্রেনে চড়তে পারবেন যাত্রীরা।

উল্লেখ্য, গত ২৪ মে থেকে পরীক্ষামূলকভাবে শুরু রাত্রীকালীন পরিষেবা তেমন জনপ্রিয় না হওয়াতেই সময়সূচী পরিবর্তনের এই সিদ্ধান্ত।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo